


নিয়োগ বিজ্ঞপ্তি

লালমনিরহাট জেলার সদর উপজেলার নামের পার্শ্বে বর্ণিত ইউনিয়ন পরিষদ সমূহের শূন্য পদে সরাসরি মহল্লাদার নিয়োগের নিমিত্ত লালমনিরহাট সদর উপজেলার বর্ণিত ইউনিয়ন পরিষদ সমূহের স্থায়ী বাসিন্দাগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়ন পরিষদের নাম	শূণ্য পদের সংখ্যা	যে ওয়ার্ডের জন্য নিয়োগ করা হবে	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	হারাটি	০১ জন মহল্লাদার	০২ নং ওয়ার্ড	সর্বসাকুল্যে ৩,০০০/- টাকা	৮ম শ্রেণী/জুনিয়র স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
০২	বড়বাড়ী	০১ জন মহল্লাদার	০৯ নং ওয়ার্ড		

শর্তাবলী :

- ০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ২। (ক) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে।
(খ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- ০৩। প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট বরাবর প্রার্থীর নাম, মাতার নাম, পিতার নাম/স্বামীর নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ (জন্ম নিবন্ধন সার্টিফিকেট অনুযায়ী), জাতীয়তা, ধর্ম, বয়স ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ পূর্বক আবেদনকরতে হবে।
- ০৪। প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, নাগরিকত্বের সনদপত্র, শিক্ষাগত সনদের ছায়াছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের ছায়াছবি এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী'র সীল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৫। প্রার্থীর বয়স ১৪/০১/২০১৮ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৬। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতী-নাতনীর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতি-স্বাক্ষরিত) এর ফটোকপি যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী'র সীল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।
- ০৭। কোটা সম্পর্কিত সরকারী সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। সেক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে।
- ০৮। আবেদনপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট বরাবরে ৫০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- ০৯। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ১০। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টি এ/ডি এ প্রদান করা হবে না।
- ১১। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। কোন প্রকার সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১২। আগামী ১৪/০১/২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, লালমনিরহাট বরাবরে পৌছাতে হবে।
- ১৩। কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।


(জয়শ্রী রাণী রায়)

উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট।
ফোন নং-০৫৯১-৬১৫৪০(অফিস)
unolalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমনিরহাট সদর, লালমনিরহাট।

স্মারক নং- ০৫.৪৭.৫২৫৫.০০৩.০১.০১৩.১৭- ২০২২(৩০)


তারিখ: ০৪ ~~জানুয়ারি~~ ১৪২৪ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০১৭ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো :-

- ০১। জেলা প্রশাসক, লালমনিরহাট।
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর।

অনুলিপি অবগতি ও বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরিত হলোঃ

- ০১। উপজেলা অফিসার (সকল), লালমনিরহাট সদর, লালমনিরহাট।
- ০২। চেয়ারম্যান, হারাটি/বড়বাড়ী ইউ/পি, লালমনিরহাট সদর। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথা বাতায়ন এবং হাট-বাজারে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুরোধ জানানো হলো।
- ০৩। সচিব/উদ্যোক্তা, হারাটি/বড়বাড়ী ইউনিয়ন পরিষদ/ডিজিটাল সেন্টার, লালমনিরহাট সদর। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদের তথা বাতায়নে প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।
- ০৪। নোটিশ বোর্ড।


(জয়শ্রী রাণী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
লালমনিরহাট সদর, লালমনিরহাট।